

সূত্রঃ এলপিগ্যাস/বিইআরসি/গণশুনানী/মতামত/০০২

তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০২১ ইং

বরাবর

মাননীয় চেয়ারম্যান,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়ঃ বিইআরসি কর্তৃক এলপিগ্যাসের নির্ধারিত/পুনর্নির্ধারিত মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের বিষয়ে গণশুনানী পরবর্তী লিখিত প্রস্তাবনা প্রসঙ্গে।

মহোদয়,

আসসালামু আলাইকুম,

গত ১৩ সেপ্টেম্বর, ২০২১ ইং তারিখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এলপিগ্যাসের নির্ধারিত/পুনর্নির্ধারিত মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের আবেদন/প্রস্তাবের বিষয়ে গণশুনানীর আয়োজন করার জন্য আমরা বিইআরসি'কে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। উক্ত গণশুনানীতে আমরা আমাদের বক্তব্য উপস্থাপন করেছি। নিম্নে গণশুনানী পরবর্তী লিখিত প্রস্তাবনা উপস্থাপন করা হলো।



১. অটোগ্যাসের বিক্রয়মূল্য পরিবর্তনের সময়কাল নির্ধারণঃ প্রতিমাসে নতুন বিক্রয়মূল্য কার্যকর করার কারণে স্টেশনে আগত প্রান্তিক ভোক্তা তথা বিভিন্ন গণপরিবহনের চালক/মালিক/শ্রমিক ব্যাপক বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। বিক্রয়মূল্য অস্থিতিশীল হওয়ার কারণে গ্রাহকগণ তাদের যানবাহন এলপিগ্যাসে কনভার্সনে অনুৎসাহিত হচ্ছে। এমতাবস্থায় গ্রাহক, অপারেটরগণ এবং স্টেশন মালিকগণ সকলেই একমত যে, ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের বিক্রয়মূল্য প্রতিমাসে কার্যকর করা সম্ভব নয়। বিশৃঙ্খলা রোধে, যানবাহন এলপিগ্যাসে কনভার্সনে উৎসাহিত করতে এবং ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য বাস্তবায়নে বিইআরসি'কে যুগোপযোগী সিদ্ধান্ত গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ করছি।

২. ভোক্তাপর্যায়ে প্রস্তাবিত বিক্রয়মূল্যঃ

নং	Saudi Aramco Contact Price (CP) (USD/MT)	ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য টাকা / লিটার
১.	CP USD ৫০০ পর্যন্ত	৪৫/-
২.	CP USD ৫০১ থেকে ৬০০ পর্যন্ত	৪৭/-
৩.	CP USD ৬০১ থেকে ৭০০ পর্যন্ত	৫০/-

৩. বিইআরসি'র ফর্মুলায় CP নির্ধারণঃ M-1 এর পরিবর্তে M অর্থাৎ চলতি মাসের CP বিইআরসি'র ফর্মুলায় বাস্তবায়ন করার জন্য প্রস্তাব করা হচ্ছে।

৪. ভোক্তাপর্যায়ে প্রস্তাবিত ক্রয়মূল্যঃ বিইআরসি'র পূর্ব-ঘোষিত ফর্মুলা অনুযায়ী অপারেটরগণ গ্যাস সরবরাহ করবেন।



৫. বিইআরসি কর্তৃক অটোগ্যাসের বিক্রয়মূল্য নির্ধারণের প্রক্রিয়ায় উল্লেখিত বিবেচ্য বিষয়াদি নিশ্চিতকরণঃ বিইআরসি কর্তৃক অটোগ্যাসের বিক্রয়মূল্য নির্ধারণের প্রক্রিয়ায় উল্লেখ করা হয় যে, প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিগিজ'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিগিজ = ১.৮০০২ লিটার এলপিগিজ বিবেচনা করা হয়েছে। রোড ট্যাংকারের মাধ্যমে অটোগ্যাস স্টেশনগুলোতে এবং অটোগ্যাস স্টেশন থেকে ডিস্পেন্সারের মাধ্যমে যানবাহনে অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে - এই উভয় পর্যায়ে, উপরোক্ত কারিগরী বিষয় নিয়ে যথাযথভাবে পরিপালিত করানোর জন্য সংযোজিত যন্ত্রপাতির ক্যালিব্রেশন, স্ট্যান্ডার্ডাইজেশন ইত্যাদি উপযুক্ত সরকারী সংস্থাকে দায়িত্ব দেওয়ার জন্য এবং তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হচ্ছে।
৬. সরকারী মূসক প্রত্যাহারঃ সিএনজি'র ব্যবহারে উৎসাহিত করার জন্য সরকার সিএনজি জ্বালানীর উপর আরোপিত সরকারী মূসক প্রত্যাহার করে। কিন্তু বর্তমানে দেশে প্রাকৃতিক গ্যাসের মজুদ কমে যাওয়ায় সরকার পরিবহনের বিকল্প সাশ্রয়ী জ্বালানী হিসেবে এলপিগিজ অটোগ্যাস ব্যবহার করার জন্য উৎসাহিত করছে। তাই সিএনজি'র ন্যায় এলপিগিজ অটোগ্যাসের উপর আরোপিত সরকারী মূসক প্রত্যাহার করার জন্য আমরা প্রস্তাব করছি। সরকারী মূসক প্রত্যাহার করা হলে ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের বিক্রয়মূল্য আনুপাতিক হারে সমন্বয় করা যেতে পারে।
৭. বিপিসি / তেল বিপণন কোম্পানী কর্তৃক কমিশন দাবীঃ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অধীনস্থ যেকোন ফিলিং স্টেশনে এলপিগিজ অটোগ্যাস স্থাপন করতে গেলে সংশ্লিষ্ট কোম্পানী এলপিগিজ অপারেটরের নিকট থেকে নির্দিষ্ট কমিশন দাবী করেন। এই কমিশন দাবী অযৌক্তিক ও অগ্রহণযোগ্য। আমরা এই কমিশন রহিতকরণের জন্য প্রস্তাব করছি।
৮. এলপিগিজ অটোগ্যাসকে অন্যান্য জ্বালানীর মূল্যহার নির্ধারণীর গণশুনানীর সাথে অন্তর্ভুক্তকরণঃ ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার নির্ধারণীর গণশুনানী, রান্নার কাজে ব্যবহৃত এলপিগিজ'র মূল্যহার নির্ধারণীর গণশুনানী থেকে পৃথক করে যানবাহনের অন্যান্য জ্বালানীর মূল্যহার নির্ধারণীর গণশুনানীর সাথে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হচ্ছে।

উপরোক্ত বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

নিবেদক,



মোহাম্মদ সিরাজুল মাওলা
সভাপতি

